

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>
ইমেইল: onlinebris@gmail.com

জন্ম একবার
নিবন্ধন-ও একবার।

স্মারক নং- স্থাসবি/জমনিপ্র/প্রপকা/বিআরআইএস-১১/২০১৫-০৪

তারিখ: ১৮-৯-১৪২১
১-১-২০১৫

বিষয়: একাধিক জন্ম নিবন্ধন তথ্য অনলাইনভুক্ত হয়ে থাকলে তা বাতিল করণ প্রসঙ্গে।

অবহিত করা যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে একজন ব্যক্তির একবারই জন্ম নিবন্ধন করার বিধান রয়েছে। তদুপরি কারিগরী কারণে বা অসতর্কভাবে কখনও কখনও কোন ব্যক্তির একাধিক জন্ম নিবন্ধন হয়ে গেছে যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়। সুষ্ঠু ডাটা ব্যবস্থাপনার জন্য কোন ব্যক্তির একাধিক জন্ম নিবন্ধন থাকলে একটি রেখে অপর ডাটাসমূহ বাতিল করা একান্ত আবশ্যিক।

যদি কোন ব্যক্তির জন্ম নিবন্ধন তথ্য একাধিকবার নিবন্ধিত হয়ে থাকে তা যাচাই-বাছাই করে একটি জন্ম নিবন্ধন তথ্য সংরক্ষণকরতঃ বাকী তথ্যসমূহ বাতিল করা হবে। নিবন্ধক কার্যালয় হতে নিল্লেখ্য ছকে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বাতিলযোগ্য তথ্যসমূহ অনলাইন থেকে মুছে দেয়া হবে।

এমতাবস্থায়, সকল নিবন্ধক কার্যালয়কে আগামী ৩১ মার্চ ২০১৫ এর মধ্যে নিল্লেখ্যকারীর বরাবর নিল্লেখ্য ছক অনুযায়ী আবেদন পাঠানোর জন্য অনুরোধ করা হলো। যদি কোন নিবন্ধক কার্যালয় এই তথ্য প্রেরণ না করেন এবং যে সকল স্থানে একাধিক জন্ম নিবন্ধন তথ্য পাওয়া যাবে সেকল নিবন্ধকগণ এবং অথরাইজড পারসনদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে। সকল নিবন্ধকগণ তার নিজ নিজ এলাকায় প্রচার-প্রচরণার মাধ্যমে জনগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ছকঃ একই ব্যক্তির একাধিক জন্ম নিবন্ধন নম্বর থাকলে একটির অধিক তথ্য বাতিলের আবেদন ছক

নিবন্ধক অফিসের নাম:			উপজেলার নাম:		জেলার নাম:
ব্যক্তির নাম	পিতার নাম	মাতার নাম	স্থায়ী ঠিকানা	যে জন্ম নিবন্ধন তথ্য সংরক্ষণ করতে হবে তার ব্যপন নম্বর	যে জন্ম নিবন্ধন তথ্য বাতিল করতে হবে তার ব্যপন নম্বর

নিবন্ধিত ব্যক্তি/অভিভাবকের নাম ও স্বাক্ষর

অথরাইজড পারসনের স্বাক্ষর ও সিল

নিবন্ধকের স্বাক্ষর ও সিল

কার্যার্থে:

- ১। মেয়র,..... সিটি কর্পোরেশন.....
- ২। মেয়র,..... পৌরসভা,.....
- ৩। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,..... ক্যান্টনমেন্ট বোর্ড,.....
- ৪। চেয়ারম্যান,..... ইউপি,..... উপজেলা,..... জেলা।

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪। উপ-পরিচালক স্থানীয় সরকার (সকল)।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ফ্যাক্স- ৯৫৫২৩৮১
মোবা-০১৭১৬ ২০৬৫৫৭